# বর্ডার গার্ড বাংলাদেশ এ অসামরিক পদে যোগ দিন



**১। বর্ডার গার্ড বাংলাদেশ এ নিম্নবর্ণিত অসামরিক পদসমূহে চাকুরীর জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতঃ অনলাইনে আবেদনের মাধ্যমে রেজিষ্ট্রেশন (Registration) করতে আহবান করা যাচ্ছে ঃ**

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| | | | প্রাতিষ্ঠানিক | প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা | |
| ১। | ইমাম/আরটি<br>(গ্রেড-১৪)<br>১০২০০-২৪৬৮০/- | ০৩ | ফাজিল | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে ফাজিল পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ।<br>খ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ২। | পরিবার কল্যাণ পরিদর্শিকা (এফডব্লিউভি)<br>(গ্রেড-১৪)<br>১০২০০-২৪৬৮০/- | ০৩ | এসএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ-৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ধাত্রী বিদ্যা এবং পরিবার পরিকল্পনা বিষয়ে প্রশিক্ষণের সনদ থাকিতে হইবে। | |
| ৩। | কমিউনিকেশন টেকনিশিয়ান গ্রেড-৩<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৫ | কম্পিউটার/ ইলেক্ট্রনিক্স ডিপ্লোমা পাস | কোন স্বীকৃত পলিটেকনিক্যাল ইনস্টিটিউট হইতে কম্পিউটার বা ইলেক্ট্রনিক্স বিষয়ে ডিপ্লোমা ডিগ্রিসহ কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়ার বিষয়ে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৪। | অফিস সহকারী<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৭ | এইচএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ-২.৫০ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় এবং অন্যূন জিপিএ-৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কম্পিউটারে টাইপের গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ থাকিতে হইবে। | |
| ৫। | ড্রাফটসম্যান<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ | এসএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ-৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান বিষয়ে ডিপ্লোমা থাকিতে হইবে।<br>গ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৬। | যানবাহন চালক (হালকা লাইসেন্সধারী)<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | এসএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।<br>গ। জীপ, মাইক্রোবাস, পিকআপ, ট্রাক বা অন্যান্য ভারী যানবাহন চালনায় ৩ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৭। | কার্পেন্টার<br>(গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/- | ০৭ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | সকল জেলা |
| ৮। | কমিউনিকেশন টেকনিশিয়ান গ্রেড-৪<br>(গ্রেড-১৭)<br>৯০০০-২১৮০০/- | ২৩ | এইচএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ-২.৫০ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় এবং অন্যূন জিপিএ- ৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বা ইলেকট্রনিক্স বিষয়ে সার্টিফিকেট কোর্স সম্পন্ন থাকিতে হইবে।<br>গ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৯। | সহকারী ওবিএম ড্রাইভার<br>(গ্রেড-১৭)<br>৯০০০-২১৮০০/- | ০৯ | এসএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ-৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারী হইতে হইবে।<br>গ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১০। | ইলেকট্রিশিয়ান<br>(গ্রেড-১৭)<br>৯০০০-২১৮০০/- | ১২ | এসএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ-৩.০০ সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। কোন স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হইতে ইলেক্ট্রিক্যাল কোর্সের সনদপত্রসহ ইলেক্ট্রিশিয়ান কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১১। | বুটমেকার<br>(গ্রেড-১৮)<br>৮৮০০-২১৩১০/- | ০৩ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১২। | লস্কর<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০২ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৩। | ওয়ার্ড বয়<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০৩ | জেএসসি/ সমমান পাস | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ১৪। | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০৪ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৫। | আয়া<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০৩ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৬। | মালী<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০২ | জেএসসি/ সমমান পাস | ক। কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১৭। | মেসওয়েটার<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ০৩ | জেএসসি/ সমমান পাস | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ১৮। | বাবুর্চি<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ৮০ | জেএসসি/ সমমান পাস | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ১৯। | পরিচ্ছন্নতাকর্মী (পুরুষ)<br>(গ্রেড-২০)<br>৮২৫০-২০০১০/- | ২২ | জেএসসি/ সমমান পাস | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |

২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩। **প্রার্থীর বয়স।** ০১-১০-২০২৪ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের বয়সসীমা ১৮ হতে ৩২ বৎসর। উল্লেখ্য, বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। **বৈবাহিক অবস্থা।** বিবাহিত/অবিবাহিত।

৫। **নিয়োগ পরীক্ষা কেন্দ্র ও তারিখ।** আবেদনকৃত প্রার্থীকে নিয়োগ পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিজিবি E-Recruitment ওয়েবসাইট ও মোবাইল ফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৬। **রেজিষ্ট্রেশন।** বিজ্ঞপ্তির ক্রমিক ১ ও ৩ অনুযায়ী আগ্রহী পুরুষ ও মহিলা প্রার্থীগণ https://joinborderguard.bgb.gov.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে ০৪ আগস্ট ২০২৪ তারিখ ১০০০ ঘটিকা হতে ১৭ আগস্ট ২০২৪ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদনের মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

৭। **আবেদন পদ্ধতি।** বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট **https://joinborderguard.bgb.gov.bd** এ চলমান নিয়োগ বিজ্ঞপ্তি থেকে নিম্নবর্ণিত ০৬টি ধাপে আবেদন সম্পন্ন করতে হবে ঃ

**ধাপ- ১ ঃ যোগ্যতা পরীক্ষা**

- নিয়োগ বিজ্ঞপ্তি হতে **"আবেদন করুন"** বাটনে ক্লিক করুন।
- আবেদনের পূর্বে আবেদন পদ্ধতির ধাপ গুলো ভালোভাবে পড়ুন।
- **"এগিয়ে যান"** বাটনে ক্লিক করুন।
- যোগ্যতা পরীক্ষা সংক্রান্ত সমস্ত প্রশ্নের সঠিক উত্তর দিন।

**ধাপ- ২ ঃ রেজিষ্ট্রেশন**

- আপনি যোগ্য হলে ব্যক্তিগত মোবাইল নম্বরটি দিন এবং যদি ইমেইল ঠিকানা থাকে দিন এরপর **"এগিয়ে যান"** বাটনে ক্লিক করুন।
- আপনার মোবাইলে প্রেরিত চার সংখ্যার ওটিপি **(OTP)** কোডটি লিখুন এবং **"যাচাই করুন"** বাটনে ক্লিক করুন।
- আপনার মোবাইল নম্বর যাচাই হয়ে গেলে রেজিষ্ট্রেশনের জন্য সিস্টেম জেনারেটেড **ইউজার আইডি ও পাসওয়ার্ড** আপনার স্ক্রিনে দেখা যাবে।
- আপনার রেজিষ্ট্রেশনের জন্য ব্যবহৃত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমেও **ইউজার আইডি ও পাসওয়ার্ড** পাঠানো হবে।

**ধাপ- ৩ ঃ আবেদন ফি জমা**

- এরপর নিচের **"লগইন পেইজে যান"** বাটনে ক্লিক করুন।
- আপনার **ইউজার আইডি** ও **পাসওয়ার্ড** দিয়ে **"লগইন করুন"** বাটনে ক্লিক করুন।
- ভর্তি কার্যক্রমের ফি প্রদান করতে ইচ্ছুক হলে "ফি প্রদান করুন" বাটনে ক্লিক করুন।
- আপনার **ব্যাংকিং কার্ড** অথবা **মোবাইল ব্যাংকিং** এর সঠিক তথ্য প্রদান করে ডিজিটাল পদ্ধতিতে পেমেন্ট সম্পন্ন করুন।
- বেতন গ্রেড অনুযায়ী আবেদন ফি বাবদ সর্বনিম্ন ১০০/- হতে সর্বোচ্চ ২০০/- পেমেন্ট করতে হবে।

**ধাপ- ৪ ঃ শিক্ষাগত যোগ্যতা যাচাই**

- আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য প্রদান করে **"যাচাই করুন"** বাটনে ক্লিক করুন।
- আপনার দেয়া তথ্য সঠিক না হলে শিক্ষাগত যোগ্যতার সমস্ত তথ্য পুনরায় চেক করুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

**ধাপ- ৫ ঃ ব্যক্তিগত তথ্য প্রদান ও ছবি আপলোড**

- শিক্ষা সংক্রান্ত তথ্যগুলো সঠিক হলে আপনার নাম ও প্রয়োজনীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে।
- ফরমে থাকা ইনপুট ফিল্ড গুলোতে **ব্যক্তিগত তথ্য** প্রদান করুন।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করুন।
- **"আমার দেওয়া সমস্ত তথ্য সঠিক"** চেক বক্সে ক্লিক করে **"পরবর্তী ধাপে যান"** বাটনে ক্লিক করুন।
- তথ্যে কোন ভুল থাকলে **"তথ্য পরিবর্তন করুন"** বাটনে ক্লিক করে পুনরায় এডিট করুন।
- তথ্য যাচাই করুন, একবার তথ্য সাবমিট করার পর তা আর পরিবর্তন করা যাবে না।
- সমস্ত তথ্য সঠিক থাকলে **"আপনি কি আপনার তথ্য জমা দিতে চান"** চেক বক্সে ক্লিক করে **"সাবমিট করুন"** বাটনে ক্লিক করুন।

**ধাপ- ৬ ঃ এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড**

- এডমিট কার্ড/প্রবেশপত্রের জন্য অপেক্ষা করুন। পরীক্ষার পূর্বে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোডের জন্য আপনার দেয়া মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট https://joinborderguard.bgb.gov.bd তে আপনার **ইউজার আইডি** ও **পাসওয়ার্ড** দিয়ে লগইন করে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড করুন। এডমিট কার্ড/প্রবেশপত্রটি প্রিন্ট করে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে নিয়ে আসতে হবে।

★ **Technical Board** এর যে সকল প্রার্থীদের রেজাল্ট অনলাইনে পাওয়া যায় না, সে সকল প্রার্থীগণকে আবেদনের সময় শিক্ষা বোর্ড **(অন্যান্য)** সিলেক্ট করতে হবে।

"আবেদন ফি জমা দেওয়ার পর তা আর ফেরত প্রদান করা হয় না<br>একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না"

৮। **মেডিক্যাল ও অন্যান্য পরীক্ষা গ্রহণ।** নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা, ব্যবহারিক এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই Fasting Sugar, HbA1C, HBs Ag, Anti HCV, Serum Creatinine এবং Dope Test সম্পন্ন করানো হবে। উল্লেখ্য, Fasting Sugar, HbA1C & Serum Creatinine রক্ত পরীক্ষায় যোগ্য, HBs Ag ও Anti HCV রক্ত পরীক্ষায় নেগেটিভ (Negative) এবং Dope Test (Urine) পরীক্ষায় Not Detected ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে সরকারের যথাযথ এজেন্সীর মাধ্যমে তদন্ত প্রতিবেদন (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

৯। **ভর্তির সময় আবশ্যিকভাবে যা সংগে আনতে হবে।**

ক। শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

খ। সংশ্লিষ্ট বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক শিক্ষাগত যোগ্যতার মূল প্রশংসাপত্রসহ সত্যায়িত ছায়াকপি যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।

গ। অভিভাবক কর্তৃক প্রার্থীর চাকুরীতে যোগদানের সম্মতিপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি। (চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রতিস্বাক্ষরিত)

ঘ। সংশ্লিষ্ট পদে কাজ করার বাস্তব অভিজ্ঞতা সনদের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঙ। ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

চ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (০২ কপি)।

ছ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত ল্যাবে প্রিন্টকৃত ১১ (এগার) কপি পাসপোর্ট সাইজের রংগীন ছবি। (০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত)

জ। স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বৈবাহিক সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি (বিবাহিতদের ক্ষেত্রে কাবিননামাসহ)।

ঝ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঞ। **https://joinborderguard.bgb.gov.bd** লিংকে প্রবেশ করে আপনার **ইউজার আইডি** ও **পাসওয়ার্ড** দিয়ে লগইন করুন। বিজিবি কর্তৃক প্রেরিত এডমিট কার্ড/প্রবেশপত্রটি ডাউনলোড ও প্রিন্ট করে ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে।

ট। **https://www.bgb.gov.bd** লিংকে প্রবেশ করে ডাউনলোড অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের তথ্যাদির ফরম এ ক্লিক করতে হবে এবং ফরমটি ডাউনলোড পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতঃ ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে।

১০। **কোটা অনুসরণ।** জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১১। **মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য।** মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে সনাক্তকরণের জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ঔরশজাত সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যয়নপত্র, যা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির পর কোন প্রার্থীর জমাকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী আইনে বিচারের জন্য তাকে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১২। **ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য।** সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র উপস্থাপন করতে হবে।

১৩। **বিশেষ দ্রষ্টব্য ঃ**

ক। আবেদনের সময় প্রদত্ত **ইউজার আইডি** ও **পাসওয়ার্ড** অবশ্যই সংরক্ষণ করতে হবে।

খ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে বিজিবিতে চাকুরীর জন্য অযোগ্য হবে।

গ। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে ভর্তি হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ চাকুরী হতে **'বরখাস্ত'** করা হবে।

ঘ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীরত অবস্থায় **'বহিস্কৃত'** হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকুরীর জন্য অযোগ্য হবে।

ঙ। **বিজিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড হারিয়ে/মুছে গেলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।**

চ। ভর্তির জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে।

ছ। পরীক্ষার সময় কোন প্রার্থী মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবে না।

জ। ভর্তি কার্যক্রমের সময় আপলোডকৃত ছবি সকল নথিপত্রের সাথে ব্যবহার করতে হবে।

ঝ। **প্রার্থীর ডাক্তারী পরীক্ষার সময় Dope Test এ মাদকাসক্ত প্রমাণিত হলে চাকুরীর জন্য অযোগ্য হবে।**

১৪। চূড়ান্তভাবে নির্বাচনের নিমিত্তে প্রার্থীকে লিখিত, মৌখিক, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে প্রার্থীদের যাতায়াতের জন্য কোন ভ্রমণ ভাতা দেয়া হবে না।

১৬। নিয়োগের সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভূয়া বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় চাকুরী হতে **'বরখাস্ত'** করে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৭। **বিজিবি ওয়েবসাইট।** ভর্তি সংক্রান্ত কোন তথ্যাদি ওয়েবসাইটে জানতে হলে **Visit** করুন **https://joinborderguard.bgb.gov.bd**

১৮। **HELP DESK।** আবেদন সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য ০৪ আগস্ট হতে ১৭ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত ০১৬৬৯৬০০৮০০, ০১৬৬৯৬০০৮৮৮ অথবা ০২২২৩৩৬১৪৩৬ নম্বরে কল করুন।

জাতীয় পত্রিকা ও বিজিবি ওয়েবসাইট ব্যতীত অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম অথবা পোর্টালে বিজিবি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয় না। অতএব রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে অসমর্থিত উৎস হতে প্রাপ্ত নিয়োগ বিজ্ঞপ্তি হতে সতর্ক থাকুন।

**"বর্ডার গার্ড বাংলাদেশ এ ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন"**

**দালাল চক্রের সাথে আর্থিক লেনদেনের সংশ্লিষ্টতা পাওয়া গেলে আপনার প্রার্থীতা বাতিল করা হবে**

**উপ মহাপরিচালক**<br>**রেকর্ড উইং**<br>**মহাপরিচালকের পক্ষে**